গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭/২০০৮/২৬৮(৫৫০) তারিখ ঃ ২৭/৫/০৯ইং।

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ ..................................।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলাঃ ................................
জেলা ঃ ..................................।

বিষয় ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী একাধিক স্থানে দরপত্র দাখিলের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ ১। স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং-স্থাসবি/উঃ-২/১এম-৪/৯১/১৭০৮,তারিখঃ ১৫/০৭/২০০৮।
২। স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-২২/২০০৪/২৪৭(৫৪৪) তারিখ ঃ ১৯/০৮/২০০৮।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৯৬ (১১) (ক) অনুযায়ী এলজিইডির আওতায় জিওবি অর্থায়নে বাস্তবায়িত ৩০.০ লক্ষ টাকা বা তদুর্ধ মূল্যমানের সকল ক্রয়ের ক্ষেত্রে দরপত্র একাধিক স্থানে দাখিলের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো। দাতাসংস্থার অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের ক্ষেত্রে সম্পাদিত ঋণচুক্তিতে বর্ণিত ব্যবস্থা প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, সূত্রস্থ ২ নং স্মারকে প্রেরিত আদর্শ দরপত্র দলিল 2b -তে এ বিষয়টির প্রতিফলন রয়েছে।

২৭/৫/০৭

সংযুক্ত ঃ স্থানীয় সরকার বিভাগের স্মারকপত্র।

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ....................................................., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী.............................................অঞ্চল, জেলাঃ ..................................।
৪। প্রকল্প পরিচালক (সকল) ..........................................................এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-২ শাখা

স্মারক নং-স্থাসবি/উঃ-২/১এম-৪/৯১/১৭০৮ তারিখ ঃ ১৫-০৭-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী একাধিক স্থানে দরপত্র দাখিলের ব্যবস্থা গ্রহণ।

সূত্র ঃ এলজিইডি/সিই/পিইউ-৪৭/২০০৮/১৮৮, তারিখ ঃ ১৬-০৬-২০০৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ও বাস্তবায়িতব্য বিভিন্ন উন্নয়ন প্রকল্প/অনুন্নয়ন খাতের পূর্তকাজ, যন্ত্রপাতি ও অন্যান্য দ্রব্যাদির ক্রয়/সংগ্রহ কার্যক্রমের ক্ষেত্রে নিম্নবর্ণিত স্থানে দরপত্র দাখিলের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

| ক্রয়কারী কার্যালয় | দরপত্র দাখিলের জন্য অনুমোদিত স্থান |
|---|---|
| উপজেলা প্রকৌশলী, উপজেলা পর্যায় | * উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>* পার্শ্ববর্তী একটি উপজেলা প্রকৌশলীর কার্যালয়<br>* নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সংশ্লিষ্ট জেলা |
| নির্বাহী প্রকৌশলী, জেলা পর্যায় | * জেলা প্রশাসকের কার্যালয়<br>* পুলিশ সুপারের কার্যালয়<br>* পার্শ্ববর্তী যে কোন একটি এলজিইডি'র জেলা কার্যালয়<br>* সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, এলজিইডি কার্যালয় |
| প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সদর দপ্তর পর্যায় | * নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা ঃ ঢাকা এর কার্যালয় |

রুখসানা হাসিন ১৫/৭/০৮
( রুখসানা হাসিন )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮৪৪০

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।